

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো)
বাড়ী নং-৩, রোড নং-২৪, ব্লক-কে, বনানী, ঢাকা।

তারিখ- আগস্ট ০৫, ২০০৭ ইং
স্মারক নং- ডেসকো/প্রশাসন-৩১/২০০৭/ ৪৫৪৬

অফিস আদেশ

copy to
M(CO) + All DMs
All AM.
06/08/07


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচটি অথবা বৃহৎ শিল্প অথবা শিল্প প্রতিষ্ঠানের মিটার রিডিং গ্রহণের বিষয়ে কার্যাকরী ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক মর্মে নিম্নের সিদ্ধান্ত বাস্তবায়ন করতে নির্দেশ প্রদান করা হয়েছে।

প্রথমতঃ ডেসকোর বিএফ ও বিতরন বিভাগে যে সকল বিদ্যুৎ সংযোগের যেমন এইচটি অথবা বৃহৎ শিল্প অথবা শিল্প প্রতিষ্ঠানের মিটার রিডিং সংশ্লিষ্ট বিভাগের নিজস্ব কর্মকর্তা/সুপারভাইজার কর্তৃক গ্রহণ করা হয় সে সকল সংযোগের মিটার রিডিং পর পর দুই মাসের অধিক একই কর্মকর্তা/সুপারভাইজার কর্তৃক গ্রহণ করা হবে না।

দ্বিতীয়তঃ ডেসকোর বিএফ ও বিতরন বিভাগ কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের রিডিং গ্রহণের আবাবহিত পরই সংশ্লিষ্ট বিএফ ও বিতরন বিভাগের গৃহীত রিডিং যাচাইয়ের জন্য মনিটরিং সেল কর্তৃক পর্যায়ক্রমে প্রত্যেক বিভাগের ন্যূনতম ১০ (দশ)টি স্থাপনার নমুনা রিডিং গ্রহণ করবেন। গ্রহণকৃত নমুনা রিডিং এর এক কপি সংশ্লিষ্ট বিএফ ও বিতরন বিভাগের প্রধানকে প্রদান করবেন এবং এক কপি মনিটরিং সেল সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট বিএফ ও বিতরন বিভাগের প্রধান মনিটরিং সেল কর্তৃক গ্রহণকৃত রিডিং বিএফ ও বিতরন কর্তৃক গৃহীত মূল রিডিং এর সহিত পর্যালোচনা পূর্বক মতামতসহ মনিটরিং সেল এ ফটোকপি ফেরৎ প্রদান করবেন।

তৃতীয়তঃ খেলাপী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করার লক্ষ্যে পরিচালিত টীমের যে কোন এক দিনের তালিকায় অন্তর্ভুক্ত গ্রাহকের কাজ শেষ করা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে অবশিষ্ট গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন অভিযান পরিচালনা সম্পন্ন করতে হবে, যাতে সংযোগ বিচ্ছিন্ন তালিকায় অন্তর্ভুক্ত কোন গ্রাহক বাদ না পড়েন।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশক্রমে -


(এস এম হাবিবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরন :

- ১। উপ-মহাব্যবস্থাপক, বিএফ ও বিতরন বিভাগ (গুলশান/সারিগার/কল্যানপুর/শাফরুল/পল্লবী)।
- ২। ব্যবস্থাপক, বিএফ ও বিতরন বিভাগ (উত্তরা/দক্ষিণখান/টংগী(পূর্ব/পশ্চিম))।
- ৩। সহকারী ব্যবস্থাপক (মনিটরিং সেল)।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
- ০২। পরিচালক (কারিগরী/অর্থ), ডেসকো।